

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা।
www.jamuka.gov.bd


নং-৪৮.০২.০০০০.০০৩.০০.০৮৭.১৮- ২২৭

তারিখঃ ০৫ চৈত্র, ১৪২৪
২৯ মার্চ, ২০১৮

বিজ্ঞপ্তি

এতদ্বারা আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার তথা জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শ বাস্তবায়নের লক্ষ্যে দেশব্যাপী ব্যাপক কর্মসূচী প্রণয়নের কাজ শুরু করতে যাচ্ছে। উক্ত কর্মসূচীর রূপরেখা প্রণয়নের জন্য জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি উপ-কমিটি কাজ করছে। মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শ বাস্তবায়নে রূপরেখা প্রণয়ন উপকমিটিকে সহায়তা প্রদানের লক্ষ্যে আপনার সুচিন্তিত মতামত ও প্রস্তাবনা আগামী ৩১ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে লিখিতভাবে অথবা info@jamuka.gov.bd-তে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,



(মোঃ মিজানুর রহমান)

মহাপরিচালক

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

ফোনঃ ০২-৯৩৩৭০৮৮

ই-মেইলঃ dg@jamuka.gov.bd